# গ্যাস পাইপলাইনে ‘জট’ কাটার আশা

এই সময়: দুর্গাপুর থেকে কলকাতায় গ্যাস নিয়ে আসার জন্য পাইপলাইন বসানো সংক্রান্ত দীর্ঘদিনের জট দ্রুত কাটার ব্যাপারে আশাবাদী গেইল কর্তৃপক্ষ। পূর্ব বর্ধমানের গলসির একটি গ্রামের বাসিন্দাদের বাধায় মাত্র ২৫০ মিটার মতো পাইপলাইন বসানো বাকি রয়েছে। বুধবার এ ব্যাপারে নবান্নে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার সঙ্গে বৈঠক করেন গেইলের চেয়ারম্যান সন্দীপ গুপ্ত ও ডিরেক্টর (প্রোজেক্টস) দীপক গুপ্ত। মুখ্যসচিব তাঁদের দ্রুত সমস্যার সমাধান করার আশ্বাস দিয়েছেন। সূত্রের খবর, ওই বৈঠক চলার সময়েই মুখ্যসচিব পূর্ব বর্ধমানের জেলাশাসককে ফোন করে অবিলম্বে সমস্যার সমাধান করার নির্দেশ দিয়েছেন। স্থানীয় বাসিন্দাদের বাধায় গলসিতে তিনটি জমিতে গ্যাসের পাইপলাইন বসানোর জন্য ‘রাইট অফ ইউজ়’ পেতে সমস্যা হচ্ছে গেইলের। সূত্রের খবর, এ দিনের বৈঠকের পর আগামী ৭-১০ দিনের মধ্যে সমস্যার সমাধান হয়ে যাবে বলে গেইল আশা করছে।

দুর্গাপুর থেকে গ্যাসের যে পাইপলাইন আসছে হুগলির মগরা থেকে তার দুটো শাখা বেরোচ্ছে। একটা শাখা গঙ্গা পেরিয়ে নদিয়ার গয়েশপুরে আসছে, যেখান থেকে বেঙ্গল গ্যাস কোম্পানি পাইপে করে কলকাতা ও তার সন্নিহিত এলাকায় গ্যাস নিয়ে আসবে। মগরা থেকে দ্বিতীয় শাখাটি হুগলি, হাওড়া, পূর্ব মেদিনীপুর হয়ে হলদিয়া যাওয়ার কথা। মগরা থেকে হলদিয়া পর্যন্ত পাইপলাইন বসাতে বহু জায়গায় সমস্যা হচ্ছে বলে গেইলের কর্তাব্যক্তিরা এ দিন মুখ্যসচিবকে জানিয়েছেন। তাঁরা এ-ও জানান, হলদিয়ার শিল্প গ্রাহকদের স্বার্থে তাঁরা ৬-৭ মাসের মধ্যে সেখানে পাইপে করে গ্যাস পৌঁছে দিতে চান।

সংস্থা সূত্রে খবর, হুগলির পাণ্ডুয়া, জঙ্গলপাড়া, হাওড়ার শ্যামপুর, বাগনান, উলুবেড়িয়ার বহু জায়গায় স্থানীয় বাসিন্দাদের বাধায় পাইপ বসানোর কাজ থমকে। একই ভাবে পূর্ব মেদিনীপুরের ৩০-৪০টি মাছের ভেড়িতে ও একটা সরকারি জমিতে গ্যাসের পাইপলাইন বসাতে বাধা দিচ্ছে বলে অভিযোগ। গেইলের তরফে রাজ্য প্রশাসনকে এর সবিস্তার তালিকা দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে।

বর্তমান
কলকাতা, বৃহস্পতিবার ১ আগষ্ট ২০২৪, ১৬ শ্রাবণ ১৪৩১



## পাইপলাইন গ্যাসের কাজ শেষ করার লক্ষ্যে গেইল কর্তা-মুখ্যসচিব বৈঠক

নিজস প্রতিনিধি, কলকাতা: পাইপলাইনের মাধ্যমে গ্যাস বণ্টনের জন্য রাজ্যে অন্তত ৫০টি সিএনজি স্টেশন তৈরি হবে। সেগুলি গড়ে উঠবে কলকাতা, হাওড়া, হুগলি, নদীয়া ও দুই ২৪ পরগনার ৪০টি পুর এলাকায় এবং রাজ্যের আরও কয়েকটি জায়গায়। এই গ্যাস শিল্পক্ষেত্রের জন্যও বেশ গুরুত্বপূর্ণ। আর রাজ্যের বড় অংশে গ্যাসের পাইপলাইন পাতার কাজ করছে গেইল। তবে পূর্ব বর্ধমানের গলসি-২ ব্লকের বাবলা গ্রাম সংলগ্ন এলাকা, পূর্ব মেদিনীপুর এবং হুগলির কিছু জায়গায় পাইপলাইন পাতার ক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছে। পাইপলাইন পাতার কাজ অনেকটা এগিয়ে গেলেও অল্পকিছু জায়গায় মূলত জমিজটের কারণে কাজ এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না।

এসব সমস্যার সুরাহার লক্ষ্যেই বুধবার রাজ্যের মুখ্যসচিব ভগবতীপ্রসাদ গোপালিকার সঙ্গে বৈঠক করলেন গেইলের চেয়ারম্যান তথা ম্যানেজিং ডিরেক্টর সন্দীপ গুপ্ত। এদিন সকালে নবান্নে উচ্চপর্যায়ের বৈঠকটি হয় আধ ঘণ্টার মতো। সূত্রের খবর, বৈঠক চলাকালীনই সংশ্লিষ্ট আধিকারিকদের ফোন করেন মুখ্যসচিব। কাজ দ্রুত শেষের উদ্দেশ্যে রাজ্যের তরফে সমস্তরকম পদক্ষেপ করা হবে বলেই আশ্বাস দিয়েছেন তিনি। প্রসঙ্গত, গঙ্গার দু'দিকের পুর এলাকায় পাইপলাইনের মাধ্যমে বাড়ি বাড়ি গ্যাস সরবরাহের জন্য কয়েকবছর আগেই গেইলের সঙ্গে চুক্তিবদ্ধ হয় রাজ্য সরকারের অধীন সংস্থা গ্রেটার ক্যালকাটা গ্যাস সাপ্লাই কর্পোরেশন। তৈরি হয় বেঙ্গল গ্যাস কোম্পানি লিমিটেড (বিজিসিএল)।

সূত্রের খবর, ইতিমধ্যেই দুর্গাপুর থেকে মগরা এবং কল্যাণীর গয়েশপুর পর্যন্ত পাইপলাইন পাতার কাজ শেষ হয়েছে। গঙ্গার নীচ দিয়ে পাইপ পেতে জোড়া হয়েছে মগরা এবং গয়েশপুরকে। ইএম বাইপাস, চিংড়িঘাটা, নিউটাউন, কল্যাণী, পুরনো দিল্লি রোড এবং কল্যাণী এক্সপ্রেসওয়ের বেশ কিছু অংশে স্টিল পাইপ পাতার কাজও শেষ। নিউটাউন-বারাকপুরের মতো এলাকাতেও বাড়ি বাড়ি প্লাস্টিক পাইপলাইন পৌঁছে দেওয়ার কাজ অনেকটাই এগিয়েছে।


বঞ্চনা নিয়ে মোদি সরকারের সমালোচনায় সরব অভিষেক, শ্বেতপত্র প্রকাশের দাবি তৃণমূলের
11h 11m ago


আজ অতি ভারী বৃষ্টির সতর্কবার্তা ভাসতে পারে কলকাতা সহ দক্ষিণবঙ্গ
11h 11m ago


পুলিসকে কব্জায় এনে রাজ্যের এক্তিয়ারে হস্তক্ষেপের চেষ্টা, অভিযোগ সরকারের
11h 11m ago

# পাইপলাইন-বৈঠক

রাজ্যের বেশ কিছু জায়গায় উর্জা গঙ্গা প্রকল্পে পাইপলাইন বসাতে সমস্যা হচ্ছে। এই অবস্থায় পাইপলাইনের মাধ্যমে প্রাকৃতিক গ্যাস সরবরাহের প্রকল্প যাতে ২০২৫-এর মার্চের মধ্যে শুরু করা যায়, সেই লক্ষ্যে মুখ্যসচিব বি পি গোপালিকার সঙ্গে বুধবার বৈঠকে বসেছিলেন গেলের কর্তারা। নবান্ন সূত্রের খবর, সেখানে রাজ্যের পক্ষ থেকে গেলকে দ্রুত সমস্যা সমাধানের আশ্বাস দেওয়া হয়েছে। পাইপ বসাতে হুগলি, পূর্ব বর্ধমান ও পূর্ব মেদিনীপুরের বেশ কিছু এলাকায় জমি নিয়ে সমস্যা হচ্ছে। মিলছে না ছাড়পত্র। জট কাটাতে এর আগেও একাধিক বৈঠক হয়। কিন্তু তার পরেও সমস্যা না মেটায় এ দিন খোদ মুখ্যসচিব বৈঠকে বসেছিলেন গেল কর্তাদের সঙ্গে। ছিলেন সংশ্লিষ্ট জেলাশাসকেরাও।

# 'CNG pipeline impasse likely to be resolved in 15 days'

**Kolkata:** The supply of CNG to the city may go up three-fold in the next month since Gail is hoping to resolve the impasse regarding laying of the gas pipeline linking the city in 15 days. Gail chairman Sandeep Kumar Gupta met chief secretary B P Gopalika on Wednesday. Bengal Gas Company CEO Anupam Mukhopadhyay told **TOI** the problem at Babla village is almost solved. "Now there is some settlement and we hope work starts in 15 days," an official said. TNN